

## প্রকৌশল অনুষদ (H ইউনিট)

রাজশাহী বিশ্ববিদ্যালয়  
ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

# ১০ম ভর্তি বিজ্ঞপ্তি

তারিখঃ- ২৩-০১-২০১৮

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১মবর্ষ H ইউনিটে (প্রকৌশল অনুষদ) ১ম থেকে ৯ম তালিকায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি শেষে আসন শূন্য থাকায় নিম্নোক্ত শূন্য আসনের বিপরীতে ভর্তির নিমিত্তে পরবর্তী মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী ২৫-০১-২০১৮ তারিখ সকাল ১০ টার মধ্যে প্রকৌশল অনুষদ অফিসে উপস্থিত হয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র জমা দিতে বলা হচ্ছে। উল্লেখ্য যে, উপস্থিত ছাত্র-ছাত্রীদের মধ্যহতে এবং মেধাক্রমানুসারে শুধুমাত্র ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (MSE) বিভাগের শূন্য আসনে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে এবং নির্বাচিত শিক্ষার্থীদের ঐ দিনই অর্থাৎ (২৫-০১-২০১৮ তারিখ) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

### পরবর্তী মেধাক্রমধারী :

গ্রুপ	শূন্য আসন	মেধাক্রম
H3	3	203 - 209

### ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও করণীয় :

- ক) অন-লাইনে পূরণকৃত ০২ (দুই) কপি প্রিন্টেড ফরম (A4 সাইজের অফসেট কাগজ)।
- খ) এস.এস.সি ও এইচ.এস.সি এর মূল নম্বরপত্র (বিভাগে ১ বছর জমা থাকবে) ও সত্যায়িত ফটোকপি (২ সেট)।
- গ) শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্র।
- ঘ) এইচ.এস.সি এর মূল রেজিস্ট্রেশন কার্ড।
- ঙ) ভর্তি পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশ পত্র।
- চ) ৩৮৫০.০০ (তিন হাজার আটশত পঞ্চাশ) টাকা Dutch Bangla মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পরিশোধ করতে হবে।  
ভর্তি ফিস প্রদানের বিস্তারিত নিয়মাবলী [admission.ru.ac.bd](http://admission.ru.ac.bd) -তে পাওয়া যাবে।
- ছ) বিভাগীয় ফিস সমূহ প্রদান সংক্রান্ত তথ্যাদি পরবর্তীতে জানানো হবে।

অন-লাইনে ভর্তি ফরম পূরণের নিয়মাবলী [admission.ru.ac.bd](http://admission.ru.ac.bd) -তে পাওয়া যাবে। অনলাইনে ভর্তি ফরম পূরণে যে কোন সমস্যা হলে তথ্যাদির জন্য প্রকৌশল অনুষদ অফিসে (টেলিঃ ৭১১১২৫ নম্বরে) যোগাযোগ করা যেতে পারে। যে কোনো ধরনের ভুল সংশোধনের ক্ষমতা অত্র অনুষদ সংরক্ষণ করেন।

(প্রফেসর ড. মোঃ মামুন-উর-রশীদ খন্দকার)

ডীন

প্রকৌশল অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।